

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.২০১৮/৪০

তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ।

কাস্টমস অগ্রিম রুলিং (রিভিউ) নং-০১/২০২১

বিষয় : “ন্যাচারাল হেনা কালার (পেস্ট) Prem Dulhan” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং এর রিভিউ।

সূত্র : Rocket Food & Cosmetics. কর্তৃক ১৫/১২/২০২০ খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদন।

Rocket Food & Cosmetics. নামক প্রতিষ্ঠান “ন্যাচারাল হেনা কালার (পেস্ট) Prem Dulhan” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং (রিভিউ) চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Rocket Food & Cosmetics.
আবেদনকারীর ঠিকানা	সত্বাধিকারী, Rocket Food & Cosmetics. ৮/১৬/এ, হাফিজুল্লাহ রোড, চকবাজার, ঢাকা-১১০০।
টেলিফোন নম্বর	01799708860

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	ন্যাচারাল হেনা কালার (পেস্ট) Prem Dulhan
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Paste
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	৩২০৩.০০.০০ অথবা ১৪০৪.৯০.৯১

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Prem Dulhan Natural Henna Cone যা ন্যাচারাল Henna Powder হতে প্রস্তুতকৃত। যা মানুষের হাতের ও পায়ের সৌন্দর্য বৃদ্ধিতে অস্থায়ী নকশা তৈরিতে ব্যবহৃত হয়। যা সম্পূর্ণ প্রাকৃতিক। পণ্যের ধারকগুলি প্রতি পিস ২৫ গ্রাম, ১২ পিস/বক্স পেস্ট আকারে আমদানি করা হবে। পণ্যটির Composition হচ্ছেঃ Henna Powder, DM Water, Benzyl Alcohol, Terpienol, Clove Oil, Eucalyptus Species Leaf Oil. এবং পণ্যটির কারিগরি বর্ণনা হচ্ছেঃ ডার্ক গ্রিনিস ব্রাউন কালার পেস্ট। যার PH-4.24, Present of Extaneous dye-Absent, Lawsone Pigment % w/w-0.45.

৩। পর্যালোচনাঃ আমদানিকারকের পূর্ববর্তী একটি আবেদনের প্রেক্ষিতে এ বিষয়ে পূর্বেই একটি অগ্রিম রুলিং জারী করা হয়েছিলো। যেখানে আলোচ্য পণ্যটিকে H.S Code 3304.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য মর্মে সিদ্ধান্ত দেয়া হয়েছিলো। আমদানিকারক এ বিষয়ে একটি রিভিউ এর আবেদন করেছেন। পর্যালোচনায় দেখা যায় যে, পূর্বে গৃহীত সিদ্ধান্ত পরিবর্তনের ক্ষেত্রে নতুন কোন ভিত্তি বা গ্রাউন্ড তৈরি হয়নি। সুতরাং, Bangladesh Customs Tariff (BCT) এবং WCO Explanatory Notes এর বর্ণনা অনুযায়ী আমদানিকৃত ‘ন্যাচারাল হেনা কালার (পেস্ট) Prem Dulhan’ এর H.S Code 3304.99.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। অগ্রিম রুলিং (রিভিউ):

Rocket Food & Cosmetics কর্তৃক আমদানিয় 'ন্যাচারাল হেনা কালার (পেস্ট) Prem Dulhan' নামক পণ্যটি Bangladesh Customs Tariff (BCT), General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী H.S. Code 3304.99.00 এ শ্রেণীবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ১৪ মোতাবেক এই অগ্রিম রুলিং(রিভিউ) জারি করা হলো।

৫। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

স্বাক্ষরিত

(২৪/০২/২০২১ খ্রিঃ)

(সৈয়দ গোলাম কিবরীয়া)

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.২০১৮/৪০ (৩০)

তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বহুং করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।


✓ ২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। সত্বাধিকারী, Rocket Food & Cosmetics. ৮/১৬/এ, হাফিজুল্লাহ রোড, চকবাজার, ঢাকা-১১০০।

২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।



(মোঃ পারভেজ রেজা চৌধুরী)

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট ও

দ্বিতীয় সচিব (কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং)

ই-মেইল: nbrclassification@gmail.com